blast ব্লাস্ট বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট
Bangladesh Legal Aid and Services Trust

তারিখ: ২৭ অক্টোবর, ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

**মেট্রোরেলের পিলারের বিয়ারিং প্যাড খুলে নীচে পড়ে এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় সুষ্ঠু তদন্ত, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জবাবদিহিতা নিশ্চিত ও নিহতের পরিবারের পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদানের দাবি জানাচ্ছে ব্লাস্ট**

গত ২৬ অক্টোবর ২০২৫ তারিখে রাজধানীর ফার্মগেট এলাকায় মেট্রোরেলের একটি পিলারের বিয়ারিং প্যাড খুলে নীচে পড়ে মারাত্মক দুর্ঘটনা ঘটে এবং ঘটনাস্থলে আবুল কালাম (৩৫) নামে এক পথচারী নিহত হওয়ার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে ব্লাস্ট এবং এই ঘটনায় সুষ্ঠু তদন্ত, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জবাবদিহিতা নিশ্চিত ও নিহতের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়ে পরিবারের সদস্যদের জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রদানের দাবি জানাচ্ছে। ইতোপূর্বে ১৫ আগস্ট ২০২২ সালে রাজধানীর উত্তরা এলাকার জসীমউদ্দীন রোড সংলগ্ন স্থানে ঢাকা বিআরটি প্রকল্পের নির্মাণাধীন গার্ডার (বক্স গার্ডার) ক্রেন ছিড়ে রাস্তায় চলন্ত একটি প্রাইভেট কারের ওপর পড়ে যায় এবং ঘটনাস্থানে একটি পরিবার ছিল এতে, এবং নিহতদের মধ্যে দুইটি শিশুও রয়েছিল। উক্ত ঘটনার পরেও কর্তৃপক্ষ যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেননি- যা চরম উদাসীনতা, অবহেলা ও দায়িত্বহীনতার পরিচেয় বহন করে।

গণমাধ্যম সূত্রে জানা যায়, মৃত আবুল কালাম তাঁর স্ত্রী ও দুই শিশু সন্তানসহ নারায়ণগঞ্জের পাঠানতলি এলাকায় বসবাস করতেন এবং ঢাকার একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন। পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি হিসেবে তিনি তার আয়ের একটি অংশ নিয়মিতভাবে গ্রামের পরিবারের কাছে পাঠাতেন।

**এই মর্মান্তিক দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে ব্লাস্ট নিম্নোক্ত দাবিগুলো উত্থাপন করছে:**

১. দুর্ঘটনার প্রকৃত কারণ উদঘাটন করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। তদন্ত প্রতিবেদন দ্রুত জন সম্মুখে প্রকাশ করতে হবে।

২. মেট্রো রেল আইন, ২০১৫ এর ধারা ২৫ এবং উচ্চ আদালতের নজির অনুসারে নিহত ব্যক্তির পরিবারের ন্যায়সংগত আর্থিক ক্ষতিপূরণ নিশ্চিত করতে হবে। পাশাপাশি নিহতের পোষ্যদের মধ্যে যোগ্যতা বিবেচনায় অন্তত একজনের কর্মসংস্থান ব্যবস্থার দাবি জানাচ্ছে ব্লাস্ট।

৩. মেট্রোরেলের পুরো অবকাঠামো তদারকি, নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং নিরাপত্তা মান নিশ্চিত করে ভবিষ্যৎ দুর্ঘটনা প্রতিরোধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

নাগরিকের জীবনের সুরক্ষা প্রদান রাষ্ট্রের সাংবিধানিক দায়িত্ব। অতএব, এই ঘটনার দ্রুত বিচার ও আইনগতভাবে যথোপযুক্ত ক্ষতিপূরণ প্রদানের মাধ্যমে কর্তৃপক্ষের জবাবদিহিতা নিশ্চিত হবে বলে ব্লাস্ট দৃঢ়ভাবে বিশ্বাস করে।

**বার্তা প্রেরক:**
কমিউনিকেশন বিভাগ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
ই-মেইল: communication@blast.org.bd